

## ■■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৭৪১৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩০১৭]
৫৬। তাফসীর (کتاب التفسیر)
পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই

## আরবী

حَدَّثَنِي أَبُو خَيْثَمَة ، زُهَيْرُ بْنُ حَرْبٍ وَمُحَمَّدُ بْنُ الْمُثَنَّى \_ وَاللَّفْظُ لِابْنِ الْمُثَنَّى \_ قَالاَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَن ، \_ وَهُوَ ابْنُ مَهْدِي ۗ \_ حَدَّثَنَا سُفْيَان ، عَنْ قَيْس بْنِ مُسْلِم ، عَنْ طَارِق ، بْنِ شِهَابٍ أَنَّ الْيَهُود ، قَالُوا لِعُمَر إِنَّكُمْ تَقْرَءُونَ آيَةً لَوْ أُنْزِلَت فِينَا لاَتَّخَذْنَا ذَلِكَ الْيَوْمَ عِيدًا . فَقَالَ عُمَرُ إِنِي لأَعْلَمُ حَيْث أُنْزِلَت وَأَى يَوْمٍ أُنْزِلَت وَأَيْنَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَاقِف الله عليه وسلم حَيْث أُنْزِلَت بِعَرَفَة وَرَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَاقِف بِعَرَفَة . قَالَ سُفْيَانُ أَشُكُ كَانَ يَوْمَ جُمُعَةٍ أَمْ لاَ . يَعْنِي ( الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي)

## বাংলা

৭৪১৫-(৩/৩০১৭) আবু খাইসামাহ যুহায়র ইবনু হারব ও মুহাম্মাদ ইবনুল মুসান্না (রহঃ) ..... তারিক ইবনু শিহাব (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ইয়াহুদী লোকেরা উমর (রাযিঃ) কে বলল, তোমরা এমন একটি আয়াত পাঠ করে থাকো তা যদি আমাদের সম্বন্ধে অবতীর্ণ হত, তবে এ দিনটিকে আমরা আনন্দোৎসবের দিন হিসেবে পালন করতাম। উমর (রাযিঃ) বললেন, আমি জানি, ঐ আয়াতটি কখন, কোথায় ও কোন দিন অবতীর্ণ হয়েছিল। আর যখন তা অবতীর্ণ হয়েছিল তখন রস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কোথায় অবস্থান করছিলেন তাও জানি। আয়াতটি আরাফার দিন অবতীর্ণ হয়েছিল; রস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তখন আরাফাতেই অবস্থান করছিলেন। রাবী সুফইয়ান (রহঃ) বলেন, "আজ আমি তোমাদের দীনকে তোমাদের জন্য পরিপূর্ণ করে দিলাম এবং আমার নি'আমাত তোমাদের প্রতি পূর্ণ করে দিলাম"- (সূরা আল মায়িদাহ কেঃ ৩)। এ আয়াতটি যেদিন অবতীর্ণ হয়েছিল তা জুমুআর দিন ছিল কি-না, এ বিষয়ে আমি সন্দিহান। (ইসলামিক ফাউন্ডেশন ৭২৪৪, ইসলামিক সেন্টার ৭২৯৯)

## **English**

Tariq b. Shihab reported that a Jew said to 'Umar:



You recite a verse which, if it had been revealed in relation to us, we would have taken that day as the day of rejoicing. Thereupon 'Umar said: I know where it was revealed and on the day when it was revealed and where Allah's Messenger () had been at that time when it was revealed. It was revealed on the day of 'Arafa (ninth of Dhu'l Hijjah) and Allah's Messenger () had been staying in 'Arafat. Sufyan said: I doubt, whether it was Friday or not (and the verse referred to) is this:" Today I have perfected your religion for you and completed My favours upon you" (v. 4).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ তারিক ইবনু শিহাব (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন